গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বাস্তবায়ন ও মনিটরিং অধিশাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.১২৫.২১-৮১২ | তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৯ / ১৫ ডিসেম্বর, ২০২২

বিষয়: "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৩" এবং যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ।

সূত্র: ১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সূত্র নং- ৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২২-২৭৫, তারিখ- ১২ ডিসেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৩" এবং যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদান করা হবে। এবিষয়ে ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রচার করা হয়েছে। "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৩" এবং যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে অনুরোধ করা হলো:

০১) "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৩" এবং যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের বিষয়টি জেলা ও উপজেলা পোর্টালে ব্যাপক প্রচারসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

০২) বহুল প্রচারের ব্যবস্থাসহ পুরস্কার বিজ্ঞপ্তি এবং অনুদানের বিজ্ঞপ্তির শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সকল জেলা ও উপজেলা (মেট্রোপলিটন যুব ইউনিট থানাসহ) থেকে যাতে অধিক সংখ্যক আবেদন পাওয়া যায় সেবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

০৩) যুব সংগঠনকে অনুদান প্রদানের নিমিত্ত ইতোপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন (০৬.০২.২০২৩ থেকে ২০.০২.২০২৩ তারিখের মধ্যে) মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করণ।

০৪) "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৩" প্রদান উপলক্ষ্যে ইতোপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে চাহিত তথ্যাদি বিনা ব্যর্থতায় আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বিশেষ বাহক মারফত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

সংযুক্ত: মন্ত্রণালয়ের পত্র ০২ (দুই) পাতা।

১৫।১২।২০২২
(মোঃ মানিকহার রহমান)
পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন)
ফোনঃ ০২-২২৩৩৮০৭৬১
ইমেইল: dirimplement@dyd.gov.bd

উপপরিচালক (সকল জেলা)
যুব উন্নয়ন অধিদপ্তর

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.১২৫.২১-৮১২ | তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৯ / ১৫ ডিসেম্বর, ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। পরিচালক/প্রকল্প পরিচালক, ----------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। উপসচিব, যুব-০১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। ডেপুটি কোঅর্ডিনেটর/কোঅর্ডিনেটর--------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর-----------------জেলা।
০৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা--------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর--------------------জেলা।
০৭। অফিস কপি।

১৫।১২।২০২২
(মো: হামিদুর রহমান)
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২২-২৭৫

তারিখ : ২৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : চলতি ২০২২-২০২৩ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩ এবং যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩ এবং যুব সংগঠনকে প্রকল্পভিত্তিক অনুদানের প্রদান করা হবে। ইতোমধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং আবেদন প্রেরণের নির্দেশনা সম্বলিত পত্র প্রেরণসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উল্লিখিত কার্যক্রম দুটো সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাঁর কার্যালয় হতে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রেরণের সময়সীমা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

**ক. "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩:**

১. বিজ্ঞপ্তি প্রকাশ: **বাংলাদেশ প্রতিদিন,** প্রকাশের তারিখ : ০৪.১২.২০২২ খ্রি.
**The Daily Observer,** প্রকাশের তারিখঃ ০৫.১২.২০২২ খ্রি.

২. আবেদন প্রেরণের নির্ধারিত সময় :
(ক) আবেদন দাখিল : ০১.১২.২০২২ খ্রি. হতে ১৫.০১.২০২৩ খ্রি.
(খ) উপজেলা কমিটির ক্ষেত্রে : ১৬.০১.২০২৩ খ্রি. হতে ৩০.০১.২০২৩ খ্রি.
(গ) জেলা কমিটির ক্ষেত্রে : ৩১.০১.২০২৩ খ্রি. হতে ১৯.০২.২০২৩ খ্রি.

**খ. যুব সংগঠনকে অনুদান প্রদান:**

১. বিজ্ঞপ্তি প্রকাশ: **বাংলাদেশ প্রতিদিন,** প্রকাশের তারিখঃ ০৮.১২.২০২২ খ্রি.
**দৈনিক যুগান্তর,** প্রকাশের তারিখঃ ০৮.১২.২০২২ খ্রি.

২. আবেদন প্রেরণের নির্ধারিত সময় :
(ক) আবেদন দাখিল: ০১.১২.২০২২ খ্রি. হতে ১৫.০১.২০২৩ খ্রি.
(খ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার (মেট্রোপলিটন যুব ইউনিট থানা কর্মকর্তাসহ) ক্ষেত্রে: ১৬.০১.২০২৩ খ্রি. হতে ২৫.০১.২০২৩ খ্রি.
(গ) অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের ক্ষেত্রে: ২৬.০১.২০২৩ খ্রি. হতে ০৫.০২.২০২৩ খ্রি.
(ঘ) জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে প্রেরণ: ০৬.০২.২০২৩ খ্রি. হতে ২০.০২.২০২৩ খ্রি.

২। এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয়গুলোর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩ এবং যুব সংগঠনকে অনুদান প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।

(খ) মাঠ পর্যায়ে বহুল প্রচারের ব্যবস্থাসহ পুরস্কার বিজ্ঞপ্তি এবং অনুদনের বিজ্ঞপ্তির শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সকল জেলা ও উপজেলা (মেট্রোপলিটন যুব ইউনিট থানাসহ) থেকে যাতে অধিক সংখ্যক আবেদন পাওয়া যায় সে বিষয়ে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

(গ) যুব সংগঠনকে অনুদান প্রদানের নিমিত্ত ইতঃপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে অনলাইনের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণে মাঠ পর্যায়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।

(ঘ) "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড"-২০২৩ প্রদান উপলক্ষে ইতঃপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে চাহিত তথ্যাদি বিনা ব্যর্থতায় আগামী ২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ বিশেষ বাহক মারফত এ মন্ত্রণালয়ে প্রেরণে মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।

12/12/2022
মোঃ রবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর

অনুলিপি, জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব (যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের জন্য )।
৬। অফিস কপি।